

- ২। দেশে আছে ছয়জন বাদী, তারা দুঃখ দেয় যে নিরবধি,
কারে বা জানাব।
আমার সর্বস্ব ধন করল হরণ, আমি কি ধন নিয়ে এ দেশে রব।।
- ৩। হিংসা নিন্দা প্রতিবেশী, ভোগ বাসনা সুখ পৈশাচী
বিষয় বৈভব।
তঁারা সবাই আমার হয় বিরোধী,
আমি কার কাছে গিয়ে দাঁড়াব।।
- ৪। এত জ্বালা এত পোড়া, আমি পুড়ে পুড়ে হলেম সারা,
আর কতকাল সইব।
সেই প্রেম যমুনার শীতল জলে, আমার এ দেহ শীতল করিব।।
- ৫। তারকচাঁদের অভয় বাণী, শোন্ বলি ও অশ্বিনী,
আয় তোরে দেখিয়ে দেব।
ও তোর মনের মানুষ হরিচন্দ্র, ও তুই ধরে থাক
সে পদ পল্লব।।

১৭০ নং তাল-গড়খেমটা

- ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমরেতে সাজ মন।
বিনা যুদ্ধে না ছাড়িব, পণ করেছে দুর্যোধন।।
- ১। শ্রদ্ধা রথে বিধিমতে কর তুমি আরোহণ,
ভজন পূজন অশ্ব দু'টি কর তাহে সংযোজন।
তবে সমরেতে জয় হবি মন, সারথী কর কৃষ্ণধন।।
- ২। সমরেতে বিপক্ষেতে শত্রু আছে অগণন,
ভীষ্ম, দ্রোণ, কপ, কর্ণ আছে দুষ্ট দুর্যোধন।
তঁাদের সমবেত করতে নিধন, জ্ঞান অস্ত্র কর ধারণ।।